দৈনিক জনকণ্ঠ

তারিখ OCT. 03.1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

04

যশোর বোর্ডের এসএসসি পরীক্ষা

# ১৫ হাজার শিক্ষার্থীর খাতা নিরীক্ষার আবেদনের পরিপ্রেক্ষিতে বোর্ডের পরামর্শ

দক্ষিণাঞ্চলীয় প্রতিনিধি, যশোর অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের প্রায় ১৫ হাজার মাধ্যমিক পরীক্ষার্থী তাদের খাতা পুনর্নিরীক্ষণের আবেদন জানিয়েছে। কিন্তু পদ্ধতিগত জটিলতার কারণে বিষয়টি বিলম্বিত হওয়ায় আবেদনকারীদের আর অপেক্ষা না করে পরবর্তী পরীক্ষায় অংশ নেয়ার জন্য বোর্ড কর্তৃপক্ষ পরামর্শ দিয়েছে।

এ ব্যাপারে যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এবিএম সাত্তার বলেন, আবেদনপত্রগুলো গ্রহণ এবং প্রক্রিয়াজাত করে বান্ডিল ও ক্রমিক নম্বর পাওয়ার জন্য কম্পিউটার কেন্দ্রে পাঠাতে দু'মাস সময় লেগে যায়। তারপর রয়েছে অন্যান্য কাজ। এভাবে ১৫ হাজার খাতার কাজ করতে ৪ মাস লেগে যাবে। এ সময় পর্যন্ত আবেদনকারীদের অপেক্ষা করা ছাড়া কোন উপায় নেই।

কাজেই আবেদনকারীদের পরবর্তী বছরের পরীক্ষা দেয়ার প্রয়োজনীয়তা থাকলে এই ফল প্রকাশের জন্য অপেক্ষা না করে পরবর্তী পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য বোর্ড পরামর্শ দিয়েছে।